

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যোগন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ১৬, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

তারিখ : ২৫ শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ/০৯ আগস্ট, ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয় : বাংলাদেশ একাডেমি অব সাইন্স কর্তৃক গবেষক, বিজ্ঞানী এবং একাডেমিক সম্প্রদায়ের
ব্যবহারের জন্য ইলেক্ট্রনিক অনলাইন জার্নাল এবং ডাটাবেজের সাবস্ক্রিপশনের উপর মূল্য
সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান।

নং ১৭/মুসক/২০২১।—যেহেতু, অলাভজনক গবেষণামূলক প্রতিষ্ঠান বাংলাদেশ একাডেমি অব
সাইন্স কর্তৃক অনলাইনে বাংলাদেশের ভৌগোলিক সীমারেখার বাহির হইতে আমদানিকৃত অনলাইন
ইলেক্ট্রনিক জার্নাল, অনলাইন ইলেক্ট্রনিক বুক এবং অনলাইন ইলেক্ট্রনিক ডাটাবেজ এক্সেস সংক্রান্ত
সেবার উপর মূল্য সংযোজন কর অব্যাহতি কামনা করা হইয়াছে; এবং

যেহেতু, বাংলাদেশ একাডেমি অব সাইন্স ১৯৭৩ সালে প্রতিষ্ঠিত দেশের শীর্ষ স্থানীয় পেশাগত
প্রতিষ্ঠান যাহা বিশ্বের বিজ্ঞান সমাজের নিকট বাংলাদেশের প্রতিনিধিত্ব করিয়া থাকে এবং যেহেতু উক্ত
একাডেমি প্রতি বছর জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজনে প্রত্যক্ষভাবে সম্পৃক্ত থাকে এবং যেহেতু
উক্ত একাডেমি প্রতি বছর উচ্চ শিক্ষা এবং গবেষণার জন্য পিএইচডি ফেলোশিপ প্রদান করিয়া থাকে;

(১২৩৬১)

মূল্য : টাকা ৪.০০

সেহেতু, জনস্বার্থে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ একাডেমি অব সাইন্স কর্তৃক অনলাইনে বাংলাদেশের ভৌগোলিক সীমারেখার বাহির হইতে আমদানিকৃত অনলাইন ইলেকট্রনিক জার্নাল, অনলাইন ইলেকট্রনিক বুক এবং অনলাইন ইলেকট্রনিক ডাটাবেজ এক্সেস সংক্রান্ত সেবামূল্যের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী ফরিদ উদ্দিন
প্রথম সচিব (মুসক নীতি)।